

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৯৩.০০১.১৯.৯৬

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৬

৩০ এপ্রিল ২০১৯

বিষয়: ওমরগনি এম.ই.এস. কলেজ, চট্টগ্রাম-এ বিভিন্ন অনিয়মের সুরাহা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন সময়ে খন্ডকালীন শিক্ষকগণের “খন্ডকালীন শিক্ষক হিসেবে সম্বোধন অসম্মানজনক”-এই দাবীর প্রেক্ষিতে ২৮.০৬.২০১৫খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় এম.পি.ও.ভুক্ত এবং নন-এম.পি.ও.ভুক্ত সবাই কলেজের পূর্ণকালীন শিক্ষক এবং সকল বিষয়ের জ্যেষ্ঠ শিক্ষকই বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী খন্ডকালীন শিক্ষকগণ নন-এম.পি.ও. ক্যাটাগরীতে নিজেদেরকে পূর্ণকালীন শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত করে বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন- যা জাতীয় বিশ্ববিদ্যালয় রেগুলেশন ২০১৫ এর পরিপন্থী মর্মে প্রতীয়মান হয়।

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সংক্রান্ত সংশোধিত রেগুলেশন ২০১৫ অনুযায়ী পূর্ণকালীন শিক্ষক হিসেবে নিয়োগ পেতে হলে নিম্নোক্তভাবে শিক্ষক নির্বাচনী কমিটি গঠন করতে হয়।

১. গভর্নিং বডির সভাপতি বা তাহার মনোনীত ব্যক্তি;
২. বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর কর্তৃক মনোনীত প্রতিনিধি (বিষয় বিশেষজ্ঞ);
৩. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি;
৪. গভর্নিং বডি কর্তৃক মনোনীত (গভর্নিং বডির সদস্য) প্রতিনিধি;
৫. সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯.০৫.২০০৫খ্রি. তারিখের ০৭(চ-২৫)/জা:বি:/ক:প:/৯৩/৯৯৫৭ নং স্মারকে দেখা যায় “কলেজে খন্ডকালীন শিক্ষক নিয়োগ নির্বাচনী বোর্ডে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি মনোনয়নের বিধান নেই”।

এমতাবস্থায়, জাতীয় বিশ্ববিদ্যালয় রেগুলেশন (সংশোধিত) ২০১৫ অনুযায়ী পূর্ণকালীন এবং খন্ডকালীন শিক্ষকগণের অবস্থান নির্ধারণ নিশ্চিত করে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩০-৪-২০১৯

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৭৭৪২৫

সভাপতি

গভর্নিং বডি ওমরগনি এম.ই.এস কলেজ, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৯৩.০০১.১৯.৯৬/১(৬)

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৬

৩০ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) অধ্যক্ষ, ওমরগনি এম.ই.এস কলেজ, চট্টগ্রাম।
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩০-৪-২০১৯

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)